**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/6/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

## গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে 24 ঘন্টায় 110,000 COVID-19 টিকার ডোজ প্রদান করা হয়েছে

***111,316 COVID-19 টিকার প্রথম এবং দ্বিতীয় ডোজ 24 ঘন্টার মধ্যে দেওয়া হয়েছে***

***আজ সকাল 11 পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা বিতরণের সাইটগুলি ফেডারেল সরকারের থেকে প্রাপ্ত প্রথম ডোজগুলির মধ্যে 91% প্রদান করেছে***

***টীকা ড্যাশবোর্ড প্রতিদিন আপডেট করা হবে রাজ্যের টীকা প্রোগ্রাম সম্পর্কে আপডেট প্রদান করতে; ny.gov/vaccinetracker যান***

***ড্যাশবোর্ড এখন জনসংখ্যাতাত্ত্বিক ডেটা অন্তর্ভুক্ত করে***

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে 24 ঘন্টার মধ্যে নিউ ইয়র্কে COVID-19 টিকার 111,316 ডোজ প্রদান করা হয়েছে। নিউ ইয়র্ক স্টেটের টিকা সাইটের বৃহৎ বিতরণ নেটওয়ার্ক বর্তমান সরবরাহের কারণে যা সম্ভব তার চেয়ে অনেক বেশি নিউ ইয়র্কবাসীদের কাছে পৌঁছাতে সক্ষম। নেটওয়ার্ক সরবরাহ বৃদ্ধির জন্য প্রস্তুত আছে। আজ সকাল 11টা পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্য সেবা বিতরণ সাইটগুলি 1,768,135টি প্রথম ডোজ পেয়েছে এবং ইতিমধ্যেই 91 শতাংশ বা 1,602,686টি টিকার প্রথম ডোজ প্রদান করেছে এবং প্রথম ও দ্বিতীয় ডোজের 78 শতাংশ প্রদান করেছে। এই সপ্তাহে ফেডারেল সরকারের সপ্তাহ 8 এর বরাদ্দকরণ প্রদানের জন্য সরবরাহকারীদের কাছে প্রেরণ করা হচ্ছে।

গভর্নর এছাড়াও ঘোষণা করেন যে নিউ ইয়র্ক রাজ্যের টীকার ড্যাশবোর্ড এখন জনসংখ্যাতাত্ত্বিক তথ্য অন্তর্ভুক্ত করে। গতকাল গভর্নর কুওমো যোগ্য জনসংখ্যা জুড়ে টিকা গ্রহণের হার সম্পর্কে নতুন রাজ্যব্যাপী জনসংখ্যাতাত্ত্বিক তথ্য প্রকাশ করেছেন।

"যত দ্রুত সম্ভব নিউ ইয়র্কবাসীদের কাছে এই টিকা বিতরণের জন্য আমরা প্রতিদিন কঠোর পরিশ্রম করছি, এবং আগামী সপ্তাহের বরাদ্দ পাওয়ার আগে প্রতি সপ্তাহে আমাদের সরবরাহ শেষ হয়ে যাচ্ছে," **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্কে এমন ডিস্ট্রিবিউটর আছে যারা প্রতি সপ্তাহে আমরা যে সংখ্যক মানুষকে টিকা দিচ্ছি তার সংখ্যা ব্যাপকভাবে প্রসারিত করতে পারে - এবং তা করার জন্য আমাদের শুধু টিকাগুলো প্রয়োজন। আমরা ইয়াঙ্কি স্টেডিয়ামের মত গণ টিকাকরণ

সাইটের মাধ্যমে আমাদের সুবিধাবঞ্চিত সম্প্রদায়কে লক্ষ্য করে এই টিকার ন্যায্য এবং সমতাপূর্ণ বিতরণকে অগ্রাধিকার দেওয়া অব্যাহত রেখেছি। আমরা যত বেশি মানুষকে টিকা দেই, ততই আমাদের সবার জন্য ভালো - তাই আমি নিউ ইয়র্কবাসীদের তাদের মুখোশ পরা অব্যাহত রাখতে এবং সামাজিক দূরত্ব বজায় রাখতে উৎসাহিত করি যাতে আমরা এই ভাইরাসকে চিরতরে পরাজিত করতে পারি।"

বর্তমানে আনুমানিক 7 মিলিয়ন নিউ ইয়র্কবাসী টিকা পাওয়ার যোগ্য। ফেডারেল সরকার পরের তিন সপ্তাহ ধরে সাপ্তাহিক সরবরাহ 20 শতাংশের বেশি বৃদ্ধি করেছে, কিন্তু নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক এবং যোগ্য ব্যক্তিদের বৃহৎ জনসংখ্যা এখনও ফেডারেল সরকার থেকে আসা সরবরাহের থেকে অনেক বেশি। সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্কবাসীদের ধৈর্য ধরতে উৎসাহিত করা হচ্ছে এবং কোন অ্যাপয়েন্টমেন্ট ছাড়া টিকাকরণ সাইটে উপস্থিত না হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

স্টেটের টিকা ড্যাশবোর্ডে এখন ফেডারেল দীর্ঘমেয়াদী যত্ন সুবিধা প্রোগ্রাম এবং হাসপাতাল কর্মীদের জন্য টিকা দান অগ্রগতি প্রকল্পগুলির মাধ্যমে পরিচালিত টিকার জন্য কাউন্টি-বাই-কাউন্টি ব্রেকডাউন অন্তর্ভুক্ত। নিচের টিকাকরণ কর্মসূচীর সংখ্যাগুলি রাজ্যের টিকা কর্মসূচীর জন্য নিউ ইয়র্কে বন্টন এবং বিতরণ করা ডোজের সংখ্যা, এবং ফেডারেল সরকারের দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটির কর্মসূচীর জন্য সংরক্ষিত ডোজ অন্তর্ভুক্ত করে না। তথ্যগুলির বিশদ বিবরণ আজ সকাল 11টা পর্যন্ত নিউ ইয়র্ক রাজ্যে রিপোর্ট করা সংখ্যাগুলির উপর ভিত্তি করে হল নিম্নরূপ: বরাদ্দের মোট পরিমাণে ৪ম সপ্তাহের বরাদ্দের 67 শতাংশ অন্তর্ভুক্ত করে, যা রবিবার নিউ ইয়র্ক সরবরাহকারী সাইটে বিতরণ করা শেষ হবে।

**রাজ্যব্যাপী বিশদ তথ্য**

- প্রাপ্ত প্রথম ডোজ - 1,768,135
- প্রদান করা প্রথম ডোজ - 1,602,686
- প্রাপ্ত দ্বিতীয় ডোজ - 864,250
- প্রদান করা দ্বিতীয় ডোজ - 461,497

| **অঞ্চল** | **প্রাপ্ত মোট ডোজ (1ম ও 2য়)** | **প্রদান করা মোট ডোজ (1ম ও 2য়)** | **মোট ডোজের % যা প্রদান করাপ্রাপ্ত হয়েছে (1ম ও 2য়)** |
|---|---|---|---|
| Capital Region | 164,575 | 128,942 | 78% |
| Central New York | 132,320 | 109,951 | 83% |
| Finger Lakes | 161,175 | 136,135 | 84% |
| Long Island | 326,455 | 263,323 | 81% |
| Mid-Hudson | 249,615 | 186,020 | 75% |

| | | | |
|---|---|---|---|
| Mohawk Valley | 71,040 | 52,402 | 74% |
| New York City | 1,200,735 | 891,935 | 74% |
| North Country | 74,460 | 71,528 | 96% |
| Southern Tier | 77,595 | 70,653 | 91% |
| Western New York | 174,415 | 153,294 | 88% |
| স্টেটজুড়ে/সমগ্র স্টেটে | 2,632,385 | 2,064,183 | 78% |

| | **স্বাস্থ্যসেবা বিতরণ সাইটের জন্য নিউ ইয়র্কে 1ম ডোজগুলি সম্পূর্ণরূপে সরবরাহ করা হয়েছে** | **স্বাস্থ্যসেবা বিতরণ সাইটের জন্য নিউ ইয়র্কে 2য় ডোজগুলি সম্পূর্ণরূপে সরবরাহ করা হয়েছে** | **মোট** | **মোট** |
|---|---|---|---|---|
| **সপ্তাহ 1: ডোজ আসছে 12/14 – 12/20** | 90,675 | 0 | 90,675 | প্রযোজ্য নয় |
| **সপ্তাহ 2: ডোজ আসছে 12/21 – 12/27** | 392,025 | 0 | 392,025 | 482,700 |
| **সপ্তাহ 3: ডোজ আসছে 12/28 – 01/03** | 201,500 | 0 | 201,500 | 684,200 |
| **সপ্তাহ 4: ডোজ আসছে 01/04 – 01/10** | 160,050 | 90,675 | 250,725 | 934,925 |
| **সপ্তাহ 5: ডোজ আসছে** | 209,400 | 45,825 | 255,225 | 1,190,150 |

| | | | | |
|---|---|---|---|---|
| 01/11 – 01/17 | | | | |
| **সপ্তাহ 6: ডোজ আসছে 01/18 – 01/24** | 250,400 | 428,100 | 678,500 | 1,868,650 |
| **সপ্তাহ 7: ডোজ আসছে 01/25 – 01/31** | 250,400 | 160,450 | 410,850 | 2,279,500 |
| **সপ্তাহ 8: ডোজ আসছে 02/01 – 02/07*** | 213,685 | 139,200 | 352,885 | 2,632,385 |

**এই সংখ্যা 8 সপ্তাহের বরাদ্দের 67 শতাংশ প্রতিনিধিত্ব করে। 7 জানুয়ারি, রবিবার দিনের শেষে পুরো সপ্তাহ 8 এর বরাদ্দ আসবে বলে আশা করা হচ্ছে।*

আজ পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্য সেবা বিতরণ সাইটগুলি ফেডারেল সরকারের কাছ থেকে পাওয়া প্রথম ডোজের 91 শতাংশ প্রদান করেছে কিন্তু ফেডারেল সরকারের সীমিত বরাদ্দের কারণে, অ্যাপয়েন্টমেন্টগুলি দ্রুত পূরণ হয়ে গেছে। নিউ ইয়র্কবাসীরা যোগ্যতা নির্ধারণ করতে এবং একটি রাজ্য পরিচালিত গণ টিকাকরণ সাইটে একটি সাক্ষাৎকারের সময়সূচী নির্ধারণ করতে, ['আমি কি যোগ্য'] ওয়েবসাইটে যান। নিউ ইয়র্কবাসীরা অতিরিক্ত তথ্যের জন্য এবং অ্যাপয়েন্টমেন্ট নেওয়ার জন্য অনুগ্রহ করে আপনার স্থানীয় স্বাস্থ্য বিভাগ, ফার্মেসি, ডাক্তার বা হাসপাতালে কল করুন যেখানে টিকা উপলভ্য আছে।

COVID-19 টিকা ট্র্যাকার ড্যাশবোর্ড COVID-19 টিকা বিতরণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ প্রদানের জন্য উপলভ্য। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেল্থ (New York State Department of Health) 24 ঘন্টার মধ্যে সকল COVID-19 টিকা প্রদানের তথ্য রিপোর্ট করা বাধ্যতামূলক করে টিকাকরণ ফেসিলিটিগুলির জন্য; রাজ্যের টিকাকরণ প্রচেষ্টার সব চেয়ে হালনাগাদকৃত মেট্রিকস প্রতিফলিত করতে ড্যাশবোর্ডে টিকা দানের তথ্য প্রতিদিন আপডেট করা হয়।

যে নিউ ইয়র্কবাসীরা টিকা বিতরণ প্রক্রিয়ায় জালিয়াতি সন্দেহ করেন তারা এখন 833-VAX-SCAM (833-829-7226) বিনা মাশুলের নম্বরে কল করতে পারেন অথবা STOPVAXFRAUD@health.ny.gov এ রাজ্যের স্বাস্থ্য বিভাগকে (Department of Health) ইমেইল

করতে পারেন। হটলাইন কর্মীরা যথাযথ তদন্তকারী সংস্থার কাছে অভিযোগ পাঠাবে যাতে নিউ ইয়র্কবাসীদের যাতে ঠকানো না হয় তা নিশ্চিত করা যায় যখন রাজ্য সম্পূর্ণ যোগ্য জনসংখ্যাকে টিকা দেওয়ার জন্য কাজ করছে।

###


আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418



আনসাবস্ক্রাইব করুন